মহেশপুর পৌরসভার আওয়ামী লীগ প্রার্থীর বিশাল গণসংযোগ

পৌরসভা নির্বাচনকে ঘিরে মহেশপুর উপজেলায় চলছে প্রার্থীদের গণসংযোগ।

গতকাল মঙ্গলবার বিকাল ৫ টায় মহেশপুর উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ের সামনে আওয়ামী মেয়র প্রার্থী আব্দুর রশিদ খানের ডাকে সাড়া দিয়ে গণসংযোগে উপস্থিত হন মহেশপুর, কোটচাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, উপজেলা চেয়ারম্যান ময়জুদ্দিন হামিদ,

সাবেক উপজেলা ছাত্রলীগের সভাপতি আসাদুজ্জামান আসাদ, উপজেলা ছাত্রলীগ নেতা রুবেল খান, পৌর ছাত্রলীগের সভাপতি, সম্পাদকসহ সকল স্তরের নেতাকর্মী। সকল নেতাকর্মী একযোগে মহেশপুর পুরো শহর প্রদক্ষিণ করে উপজেলা আওয়ামী লীগ অফিসের সামনে অবস্থান করে। নৌকার প্রার্থী পৌর মেয়র আব্দুর রশিদ খান জানান এলাকার ভোটের পরিবেশ যথেষ্ট সুন্দর।

কালীগঞ্জে অবৈধ ইট ভাটা গুড়িয়ে দিল প্রশাসন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় অননুমোদিত ইট ভাটায় পুড়ছে কাঠ এ নিয়ে বিভিন্ন পত্র পত্রিকায় খবর প্রকাশিত হওয়ার পর অভিযান চালিয়ে প্রস্তুতকৃত কাঁচা ইটে পানি মেরে ও টিনের চিমনি ভেঙে দিয়েছেন প্রশাসন। পাশাপাশি ভাটার মালিকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গত সোমবার (৮ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার বারবাজার পিরোজপুর গ্রামে জে কে বি ইট ভাটায় এ অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ

আদালতের বিচারক সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, অভিযান চলাকালে জে কে বি ইটভাটা মালিক জয়নাল আবেদীন পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র এবং ইট পোড়ানোর জন্য জেলা প্রশাসনের লাইসেন্স দেখাতে ব্যর্থ হয়। পরে ফায়ার সার্ভিসের একটি ইউনিট দিয়ে ভাটা প্রস্তুতকৃত কাঁচা ইট পানি ঢেলে নষ্ট করে এবং পাশাপাশি ভাটার দুটি টিনের চিমনি ভেঙে দেওযা হয়।

ইট ভাটা প্রস্তুত আইনের সকল নিয়ম কানুন মেনে ভাটা পরিচালনার নির্দেশনা দেয় নির্বাহী ম্যাজিস্ট্রেট। এর ব্যত্যয় ঘটলে অবৈধ ভাটা ধ্বংস করার নির্দেশনাও দেন। কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নির্দেশনায় ফায়ার সার্ভিসের একটি ইউনিট দিয়ে ভাটা প্রস্তুতকৃত কাঁচা ইট পানি ঢেলে নষ্ট করে এবং পাশাপাশি ভাটার দুটি টিনের চিমনি ভেঙে দেওযা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম জানান, প্রয়োজনীয় অনুমোদন ছাড়াই ইটভাটাতে টিনের চিমনি ও কাঠ দিয়ে ইট পোড়ানো হচ্ছিলো। এ জন্য অভিযান পরিচালনা করেছি। অভিযান এখনো চলমান আছে। অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

এ দিকে, জেলা প্রশাসনের কঠোর হুঁশিয়ারি থাকা সত্ত্বেও সরকারি আইন অমান্য করে উপজেলায় প্রভাবশালীদের ছত্রছায়ায় যত্রতত্র ইট ভাটা গড়ে উঠছে। কোনো নিয়ম-নীতির তোয়াক্কা না করে শিক্ষা প্রতিষ্ঠানের কাছাকাছি এবং ফসলি জমিতেও গড়ে উঠেছে ইট ভাটা।

উল্লেখ্য, কালীগঞ্জে অধিকাংশ ইট ভাটা বাজারের পাশে লোকালয়ে, শিক্ষা প্রতিষ্ঠানের কাছাকাছি, ফসলি জমি ও বসতি এলাকায় গড়ে উঠেছে। এতে করে প্রাকৃতিক বিপর্যয় দেখা দিচ্ছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে এসব এলাকার উদ্ভিদ। বাড়ছে মানুষের শ্বাসকষ্টজনিত সমস্যা। বেশ কয়েকটি ট্রাক্টর দিয়ে কৃষি জমির টপ সয়েল (জমির উপরিভাগের মাটি) এনে ইট তৈরিতে ব্যবহার করা হয়।

ঝিনাইদহে ৫ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে বৃদ্ধ গ্রেফতার

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলার রয়েড়া গ্রামের ৫ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে তরিকুল জোয়ার্দ্দার (৫০) নামের এক বৃদ্ধকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার সকালে তাকে গ্রেফতার করা হয়।

শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, অভিযুক্ত তরিকুল জোয়ার্দ্দারের সাথে নির্যাতিতা শিশুটির বাবার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ছিল।

রবিবার বিকেলে তরিকুল ওই বাড়িতে যায়। সেখানে কাউকে না পেয়ে ঘরের মধ্যে শিশুটিকে ধর্ষণ করে। শিশুটির চিৎকারে তার মা এগিয়ে এলে তরিকুল পালিয়ে যায়। পরে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় সোমবার রাতে শৈলকুপা থানায় শিশুটির চাচা বাদী হয়ে একটি মামলা দায়ের করে। মামলা দায়েরের পর অভিযান চালিয়ে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে।

মাশরুম চাষে স্বাবলম্বী রফিকুল

যুগোপযোগী পরিবেশ ও আবহাওয়ার কারণে মাশরুম চাষে ঝিনাইদহের কালীগঞ্জে বিপুল সম্ভাবনা দেখা দিয়েছে। ঔষধি গুণসম্পন্ন এ খাবারটির চাহিদাও বাড়ছে ব্যাপক হারে। অথচ এখনও চাহিদার চেয়ে উৎপাদন কম। উৎপাদন বাড়ানো গেলে অর্থনৈতিক সাফল্য নিশ্চিত। ফলে মাশরুম চাষে স্বাবলম্বী হচ্ছেন অনেকে। তেমনই এক সফল চাষী ও উদ্দোক্তা হিসাবে নিজেকে গড়ে তুলেছেন ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামের রফিকুল ইসলাম রকি। রকি।

করোনার কারনে ব্যাংকের চাকরি ছেড়ে এসে হতাশার সাগরে ডুবে বন্ধুর

পরামর্শ নিয়ে সল্প পুজি নিয়ে ঔষধি সবজি মাশরুম চাষে আগ্রহী হন রফিকুল। ধানের বিনিময়ে টাকা ঋণ নিয়ে মাশরুম চাষ শুরু করেন ২০২০ সালে। নাম দেন সপ্ন মাশরুম সেন্টার । মাশরুম চাষের যাত্রা শুরু করেন বসত ঘরের একটি ছোট্ট জায়গা নিয়ে । তার সেই সপ্ন বাস্তবায়ন হয়ে এখন তিনি সফল মাশরুম চাষি। জেলার বিভিন্ন স্থানের লোকজন তার মাশরুম সেন্টার পরিদর্শন করেন। মাশরুম ক্রয় করতে এবং তার কাছ থেকে মাশরুম চাষের কলাকৌশল শেখার জন্যে অসেন অনেকে।

রফিকুল জানান বর্তমানে মাশরুম চাষ করে তিনি সব খরচ বাদ দিয়ে ভালো টাকা আয় করতে পারছেন। প্রথম স্পন থেকে ২৫ থেকে ৩৫ দিনের মধ্যে ফলন পাওয়া যায়। ২ কেজির একটি স্পন প্যাকেট থেকে একবার ফলনে ৩০০-৫০০ গ্রাম পর্যন্ত মাশরুম পাওয়া যায়। তিনি প্রতিদিন ২-৩ কেজি পর্যন্ত মাশরুম বিক্রি করে থাকেন । প্রতিকেজি মাশরুম বিক্রি হয় ২৫০-৩০০ টাকা দরে।অবিক্রিত মাশরুম ও নষ্ট করেন না তিনি, রোদে শুকিয়ে কেজি প্রতি ১২০০ টাকা দরে বিক্রি করেন দূরবর্তী জেলা গুলোতে। তিনি এই মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে অন্যের কর্মসংস্থান সৃষ্টি করতে চান বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এবং ভবিষ্যতে মাশরুম এর বীজ গবেষণা ল্যাব স্থাপনের ইচ্ছা প্রেষণ করেন।

বর্তমানে রফিকুলের খামারে ৫০০ টির অধিক মাশরুমের স্পন প্যাকেট রয়েছে, এ থেকে তিনি প্রায় ৪০০-৫০০ কেজির মত মশরুম উত্তোলনের লক্ষমাত্রা নিয়েছেন।

চাষী রফিকুল এর পাশাপাশি মাশরুম দিয়ে আচার তৈরি করছেন। তিনি বলেন “আচার আমাদের সবার পছন্দ। একটু বৃষ্টি পড়লেই যেন খিচুড়ি খাওয়ার ধুম পড়ে যায় আর সাথে চাই আচার। আর মাশরুম দিয়ে তৈরি আচারের মাশরুমের গুণাগুণ সর্বদা অটুট থাকে। সাধারণত ছোট-বড় সব বয়সের মানুষ আচার পছন্দ করেন”মাশরুমে আছে ২৫-৩৫% প্রোটিন। আছে চর্বি শর্করা। যা রোগ প্রতিরোধ করে। পুষ্টিগুনের পাশাপাশি ঔষধী গুন হল, আমিষ, শর্করা, চর্বি, ভিটামিন, মিনারেল যা শরীরের জন্য উপকারী। মাশরুম ডায়াবেটিস রোগের মহৌষধ।
রফিকুল আরও জানান, সরকারি সহযোগিতা ও সহজ শর্তে ঋণ পেলে তিনি এই চাষের পরিধি আরও বৃদ্ধি করতে চান।

কালীগঞ্জ কৃষি অফিসের কৃষি সম্প্রসারণ কর্মকর্তা হুমায়ূন কবিরের সাথে মুঠোফোনে যোগাযোগ করলে জানান, স্থানীয় ভাবে মাশরুম চাষীদের আর্থিক সহযোগিতা না করতে পারলেও বিভিন্ন দিক নির্দেশনা

দিয়ে কৃষি অফিস চাষীর সাহায্য করে যাচ্ছেন।

জীবননগরে নির্বাচনী আচরণবিধি বিষয়ক আলোচনা

জীবননগর পৌরসভা নির্বাচন উপলক্ষে নির্বাচনে অংশ গ্রহণকারী প্রার্থীদের নিয়ে নির্বাচনী আচারণবিধি বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে আগামী ১৪ই ফেব্রুয়ারি জীবননগর পৌর নির্বাচন উপলক্ষে প্রার্থীদের নিয়ে নির্বাচনী আচারণবিধি ও আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্বাচনী আচারণবিধি ও আইনশৃঙ্খলা বিষয়ক আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার আবু রাসেল, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ ও জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম।

আলোচনা সভায় নির্বাচন যাতে সুষ্ঠু ও সুন্দর ভাবে অনুষ্ঠিত হয় সে বিষয়ে প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করে প্রার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন জীবননগর পৌর নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মেয়র প্রার্থী রফিকুল ইসলাম, জাতীয়তাবাদী দল বিএনপির দলীয় প্রার্থী শাজাহান কবির, ইসলামী শাসন তন্ত্রের দলীয় প্রার্থী খোকন এবং কাউন্সিলর প্রার্থী ইয়াদুল ইসলাম, আক্তারুল ইসলাম, ঠান্ডু প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নির্বাচন অফিসার কামরুল হাসান।

কালীগঞ্জে ইয়াবাসহ মাদক কারবারি আটক

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এলাকা থেকে ইয়াবাসহ আলমগীর হোসেন (৩৫) নামের এক মাদক কারবারিকে আটক করেছে ঝিনাইদহ গোয়েন্দা পুলিশ (ডিবি)। এ সময় তার কাছ থেকে ৫৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

গতকাল সোমবার তাকে আটক করা হয়। আটক আলমগীর হোসেন উপজেলার চাপরাইল এলাকার মৃত গোলাম নবীর ছেলে।
ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে কালীগঞ্জ শহরের মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের দক্ষিণ পাশের পিচ রাস্তার উপর থেকে ৫৫ পিস ইয়াবাসহ তাকে আটক করা হয়।

এ ঘটনায় একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে স্কুলের আঙ্গিনায় জরাজীর্ণ শহীদ মিনার

যদিও সরকারি আদেশ অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে শহীদ মিনার থাকা বাধ্যতামূলক। কয়েকদিন পরেই ২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা শহীদদের শ্রদ্ধা জানানোর দিন।

যদিও মরণব্যাধী করোনা ভাইরাসের কারনে এদিন দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শহীদ মিনারে ফুল দিয়ে শহীদদের শ্রদ্ধা জানাতে আসতে পারবে কিনা তা জানা নেই।

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৪ নং দৌলতপুর ইউনিয়নের দখলপুর

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রয়েছে এমনি একটি জরাজীর্র্ণ অবহেলিত হয়ে পড়ে থাকা শহীদ মিনার। বর্তমানে এ বিদ্যালয়ে প্রায় ২ শতাধিক ছাত্রী-ছাত্রী পড়াশোনা করে।

এ বিষয়ে ঐ বিদ্যালয় পড়ুয়া বেশ কিছু শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করলে তারা বলে আগে আমাদের যখন স্কুলে অনুষ্ঠান হতো তখন আমাদের খুব অসুবিধা হতো। আমাদের স্কুলের শহীদ মিনার ভেঙ্গে গেছে, তাই ফুল দিতে চরম অসুবিধা হতো। শহীদ মিনার ভাঙ্গাচুরার কারণে ২১ ফেব্রুয়ারি ভালোভাবে পালন করতে পারতাম না।

ভাষার জন্য যারা শহীদ হয়েছিলেন, যাদের জন্য আমরা বাংলা ভাষা পেয়েছি, যাদের জন্য আমরা বাংলা ভাষায় কথা বলতে পারি সেই শহীদের জন্য আমরা গর্ব করি। কিন্তু দুঃখের বিষয় আমাদের স্কুলের শহীদ মিনার কয়েক বছর ধরেই ভাঙ্গাচুরা অবস্থায় অবহেলিত হয়ে পড়ে আছে। তাই আমাদের স্কুলের শহীদ মিনারটি অচিরেই সুন্দর করে তৈরির দাবি জানাচ্ছি।

এবিষয়ে দখলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোকাররম হোসেন বলেন, যেহেতু আমাদের স্কুলের আশে পাশে আর কোন বিদ্যালয়ে শহীদ মিনার নেই। দীর্ঘ দিন আমাদের স্কুলের শহীদ মিনারটি এভাবে আংশিক ভেঙ্গেচুর অবস্থায় পড়ে আছে ২১ ফেব্রুয়ারির দিন আমাদের ছোট্ট ছোট্ট কোমলমতি ছাত্র ছাত্রীদের নিয়ে ভাষা শহীদদের শ্রদ্ধা জানানোর দিন পড়তে হয় চরম ঝুকিতে। চলতি মাসেই শহীদ মিনারটি সুন্দর করে সংস্কার করে উপযুক্ত করে গড়ে তোলার দাবি জানাচ্ছি।

উপজেলা শিক্ষা অফিসার মোঃ আব্দুর রহমান বলেন, যেহেতু করোনা মহামারীর কারণে স্কুলের অনেক উন্নয়ন কাজ ব্যাহত হয়েছে। তাছাড়া এখনও পর্যন্ত আমাদের কাছে এ ধরনের কোনও লিখিত বা মৌখিক অভিযোগ স্কুল কর্তৃপক্ষ দেয় নি। তবে এখন যেহেতু জেনেছি আমাদের সামনে ১১ তারিখে মাসিক মিটিংয়ে বিষয়টি নিয়ে সুরাহা করার চেষ্টা করবো।

ঝিনাইদহে করোনার টিকাদান কর্মসূচির উদ্বোধন

সারাদেশের ন্যায় একযোগে ঝিনাইদহেও করোনার টিকাদান কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার সকাল ১১টায় স্বাস্থ্য মন্ত্রী জাহিদ মালেক এর ভিডিও কনফারেন্স মাধ্যমে এই কর্মসূচির সূচনা করা হয়।

পরে সদর হাসপাতালের নতুন বিল্ডিং এর নীচ তলায় হল রুমে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমের সভাপতিত্বে টিকাদান কর্মসূচি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহ্জীব আলম সিদ্দিকী সমি। এছাড়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংরক্ষিত আসনের খালেদা খানম এমপি, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক ডাঃ জাহিদ প্রমুখ।

আলোচনায় বক্তারা বলেন, সকল জল্পনা, কল্পনা ও সমালোচনার অবসান ঘটিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে করোনা মুক্ত করার জন্য টিকা উপহার দিতে সক্ষম হয়েছেন। আমরা ঝিনাইদহবাসী প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞ। টিকা নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই, স্বাস্থ্য বিভাগ যথেষ্ট সজাগ রয়েছে কোথাও কোন অসুবিধা দেখাদিলে সাথে সাথে ব্যবস্থা গ্রহণ করা হবে। এ জন্য আপনারা আতঙ্কিত না হয়ে নিবন্ধন করে সকলেই টিকা গ্রহণ করবেন।

আলোচনা শেষে তাহ্জীব আলম সিদ্দিকী এমপি ঝিনাইদহে প্রথম টিকা নিয়ে টিকাদান কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন। এরপর পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, মেয়র ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সদর হাসপাতালের করোনা ইউনিটের প্রধান ও জুনিয়র কনসাল্টটেন্ট ডাঃ জাকির হোসেনসহ স্বাস্থ্য বিভাগের অন্যান্য কর্মকর্তা, কর্মচারীবৃন্দ, সাংবাদিক, পুলিশ ও বিভিন্ন শ্রেণী পেশার ২শ এর অধিক মানুষ প্রথমদিনে এই টিকা গ্রহণ করেছেন।

এছাড়াও এক যোগে ঝিনাইদহের অন্য ৫টি উপজেলারও স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এম.পি, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী

অফিসার ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে করোনা ভ্যাকসিনের টিকাদান কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে মুক্তিযুদ্ধের বেসামরিক গেজেট যাচাই-বাছাই কার্যক্রম অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মুক্তিযুদ্ধের বেসামরিক গেজেট যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে।

গতকাল রবিবার দিনব্যাপী উপজেলা প্রশাসনের আয়োজনে এই যাচাই বাছাই পর্বে ৬৩ জন মুক্তিযুদ্ধা ও তাদের ওয়ারেশদের দাখিলকৃত সনদপত্র, গেজেট ও কাগজপত্র স্ব-স্ব মুক্তিযোদ্ধার স্বপক্ষের তিন জন মুক্তিযুদ্ধা স্বাাক্ষীর স্বাক্ষ প্রদানের মধ্যদিয়ে এই যাচাই - বাছাই সম্পন্ন হয়।

সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মহিউদ্দিনের সভাপতিত্বে যাচাই বাছাই পর্বে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রাজিয়া আক্তার চৌধুরী,

যুদ্ধকালীন গ্রুপ কমান্ডার সাবেক এমপি নূর উদ্দীন আহম্মেদ, জেলার সাবেক ডেপুটি কমান্ডার রেজাউল ইসলাম, উপজেলার সাবেক কমান্ডার আব্দুল ওয়াহেদ জোয়ার্দ্দারসহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে কোভিড-১৯ এর টিকা দানের উদ্বোধন

সারা দেশের ন্যায় ঝিনাইদহের কোটচাঁদপুরেও কোভিড-১৯ টিকাদানের উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার সকালে কোটচাঁদপুরে প্রথম সারির কর্মকর্তাদের টিকা দেওয়ার মধ্য দিয়ে কোভিড-১৯ এর এই টিকাদানের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আছাদুজ্জামান রিপন, নব-নির্বাচিত মেয়র সহিদুজ্জামান সেলিম,

উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমসহ স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক, নার্স ও কর্মকর্তা-কর্মচারীরা।

ভ্যাকসিন প্রয়োগের প্রথম দিনে ৪৩ জনের শরীরে এই ভ্যাকসিন প্রয়োগ করা হয় বলে জানান কর্মকর্তারা।